**তথ্য কমিশন**

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নংঃ ১২/২০১৪**

| | |
|---|---|
| **অভিযোগকারী ঃ জনাব আশরাফুল ইসলাম জয়**<br>পিতা-মৃত লুৎফর রহমান<br>এস. বি ফজলুল হক রোড<br>(শ্রম ও কল্যাণ কেন্দ্রের সামনে) মিরপুর<br>সিরাজগঞ্জ। | **প্রতিপক্ষ ঃ জনাব মোঃ সুজাউদ্দৌলা**<br>সহকারী কমিশনার<br>ও<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)<br>জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ। |

**সিদ্ধান্তপত্র।**

**(তারিখ ঃ ০৩-০৩-২০১৪ ইং)**

অভিযোগকারী জনাব আশরাফুল ইসলাম জয়, ২৯-০৯-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ সুজাউদ্দৌলা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

**ক) অনলাইন পত্রিকা (যা মুদ্রিত আকারে প্রকাশিত হয় না, কেবলমাত্র অনলাইনে প্রকাশ করা হয়) প্রকাশের নিয়ম ও পদ্ধতি সংক্রান্ত তথ্যের কপি এবং অনলাইন পত্রিকা নিবন্ধন বিষয়ক আইন ও নীতিমালা এবং তথ্য মন্ত্রণালয় ও অন্যান্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশাবলীর কপি।**

**খ) জানুয়ারী ২০০৯ থেকে আগস্ট ২০১৩ পর্যন্ত বাংলাদেশে কতগুলো অনলাইন পত্রিকার নিবন্ধন দেয়া হয়েছে তার তালিকা।**

**গ) রাজশাহী বিভাগে কতগুলো নিবন্ধিত অনলাইন পত্রিকা রয়েছে, তার নাম ও ঠিকানা সম্বলিত তালিকা।**

**ঘ) অনলাইন পত্রিকা (যা মুদ্রিত আকারে প্রকাশিত হয় না, কেবলমাত্র অনলাইনে প্রকাশ করা হয়) প্রকাশের ক্ষেত্রে জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক ঘোষণা পত্র নেয়ার বিধান বা নিয়ম সংক্রান্ত তথ্যের কপি পেতে চাই। এছাড়া দেশে কতগুলো অনলাইন পত্রিকার জন্য জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক ঘোষণা পত্র দেয়া হয়েছে, তার তালিকা।**

**ঙ) গত জানুয়ারী ২০০৯ থেকে আগস্ট ২০১৩ পর্যন্ত সিরাজগঞ্জ থেকে কতগুলো অনলাইন পত্রিকা (যা মুদ্রিত আকারে প্রকাশিত হয় না, কেবলমাত্র অনলাইনে প্রকাশ করা হয়) নিবন্ধন করা হয়েছে, তার তালিকা। এসব পত্রিকা প্রকাশের জন্য জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক কিভাবে, কোন পদ্ধতিতে ঘোষণা পত্র প্রদান করা হয়েছে, তার তথ্যের কপি।**

**চ) সিরাজগঞ্জ থেকে প্রকাশিত sirajgonjnews24.com এবং www.sirajganjnews.com এর ঘোষণা পত্র কত তারিখে প্রদান করা হয়েছে, তার সন, তারিখসহ তথ্যের কপি ও ঘোষণা পত্র দেখতে এবং ফটোকপি।**

**ছ) ছাপাখানা প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধিকরণ) আইনে কতগুলো অনলাইন পত্রিকার (যা মুদ্রিত আকারে প্রকাশিত হয় না, কেবলমাত্র অনলাইনে প্রকাশ করা হয়) ঘোষণা পত্র ও নিবন্ধন দেয়া হয়েছে, তার তালিকা।**

০২। উক্ত আবেদনের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে ২২-১০-২০১৩ তারিখে ০৫.৫০.৮৮০০.০১৫.০২.০০৫.১৩-১০৪ নং স্মারকের মাধ্যমে তথ্য সরবরাহ করেন। সরবরাহকৃত তথ্যে সন্তুষ্ট হতে না পারায় অভিযোগকারী ১৮-১১-২০১৩ তারিখে জনাব হেলাল উদ্দিন আহমেদ, কমিশনার ও আপীল কর্তৃপক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর ০৯-১২-২০১৩ তারিখে ০৫.৪৩.০০০০.০১২.০২.০০১. ১৩-১৬০২ নং স্মারকের মাধ্যমে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী এর সহকারী কমিশনার জনাব দীপঙ্কর রায় অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যের মধ্যে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক সরবরাহকৃত তথ্য ব্যতীত অবশিষ্ট তথ্য তথ্য মন্ত্রণালয় কর্তৃক সংরক্ষিত এবং প্রদেয় বলে জানান। অবশিষ্ট তথ্য তথ্য মন্ত্রণালয় হতে সংগ্রহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করেন। উক্ত সিদ্ধান্তে অসন্তুষ্ট হয়ে অভিযোগকারী তথ্য অধিকার আইন অনুযায়ী প্রতিকার চেয়ে ২০-০১-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ:পৃ:দ্র:)

০৩। বিষয়টি কমিশনের ০৯-০২-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৩-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব আশরাফুল ইসলাম জয় গরহাজির; প্রতিপক্ষ, সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ সুজাউদ্দৌলা হাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদির মধ্যে তার কার্যালয়ে যতটুকু সংরক্ষিত ছিল তা সরবরাহ করা হয়েছে অবশিষ্ট তথ্যাদি তার কার্যালয়ে নেই মর্মে জানিয়ে দেয়া হয়েছে। এছাড়াও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) অভিযোগকারীকে সিরাজগঞ্জ জেলা প্রশাসন কর্তৃক সরবরাহকৃত তথ্য ব্যতীত অবশিষ্ট তথ্য মন্ত্রণালয় কর্তৃক সংরক্ষিত এবং প্রদেয় বলে জানান। অবশিষ্ট তথ্য তথ্য মন্ত্রণালয় হতে সংগ্রহের জন্য নির্দেশনা দিয়েছেন।

## পর্যালোচনা।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বক্তব্য শ্রবনান্তে, দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার কার্যালয়ে যতটুকু তথ্য ছিল সরবরাহ করেছেন এবং অবশিষ্ট তথ্যাদি তার কার্যালয়ে না থাকায় তা জানিয়ে দিয়েছেন। এছাড়াও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) অভিযোগকারীকে সিরাজগঞ্জ জেলা প্রশাসন কর্তৃক সরবরাহকৃত তথ্য ব্যতীত অবশিষ্ট তথ্য মন্ত্রণালয় কর্তৃক সংরক্ষিত এবং প্রদেয় বলে জানান। অবশিষ্ট তথ্য তথ্য মন্ত্রণালয় হতে সংগ্রহের জন্য নির্দেশনা দিয়েছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক প্রদত্ত জবাব এবং আপীল কর্তৃপক্ষ (আরটিআই) এর নির্দেশনা সঠিক বিবেচনায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে গণ্য করা যায়।

## সিদ্ধান্ত।

যেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেছেন, এবং যেহেতু, আপীল কর্তৃপক্ষ (আরটিআই) অভিযোগকারীকে অবশিষ্ট তথ্য প্রাপ্তির বিষয়ে নির্দেশনা দিয়েছেন, সেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর সরবরাহকৃত তথ্য এবং আপীল কর্তৃপক্ষ (আরটিআই) এর প্রদত্ত নির্দেশনা সঠিক হওয়ায় অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

**স্বাক্ষরিত**
**(অধ্যাপক ড. সাদেকা হালিম)**
তথ্য কমিশনার

**স্বাক্ষরিত**
**(মোহাম্মদ ফারুক)**
প্রধান তথ্য কমিশনার

[মিজান]